

PRINT

# সমকাল

## ভাসানী বিশ্ববিদ্যালয়ে তিন দেশের গণিত বিশেষজ্ঞ দল

১০ ঘণ্টা আগে



বিশ্বের বিভিন্ন দেশের গণিত বিশেষজ্ঞদের নিয়ে গঠিত সংস্থা 'সিম্পা রিসার্চ স্কুল'-এর প্রতিনিধি ফ্রান্স, অস্ট্রেলিয়া ও ব্রাজিলের গণিত বিশেষজ্ঞ দল গতকাল রোববার মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ পরিদর্শন করেছে। এ সময় তারা ফলিত গণিত বিষয়ে আলোচনা সভায় অংশ নেন। সভায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

ড. মো. আলাউদ্দিন। সভাপতিত্ব করেন সায়েন্স অনুষদের ডিন মোহাম্মদ মোকাদ্দেছ আলী। বিশেষ অতিথির বক্তব্য দেন সিম্পা রিসার্চ স্কুলের প্রতিনিধি ফ্রান্সের ইউনিভার্সিটি এইক্স মার্শেইলের অধ্যাপক নিকোলাস বেডারাইড, ব্রাজিলের ইউনিভার্সিডে ফেডারেল ফ্লুমিনেজের অধ্যাপক ড. ইসাবেল রাইওস, অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব ভিয়েনার

অধ্যাপক ড. সিলভেইন মুসে, ফ্রান্সের ইউনিভার্সিটি ডি নুভেল ক্যালেডোনির অধ্যাপক ড. রিনাউড লিপলেইডর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. আনোয়ার হোসেন। আলোচনা সভা শেষে প্রতিনিধি দল উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। সিম্পা রিসার্চ স্কুল বিশ্বের উন্নয়নশীল দেশগুলোয় গণিত বিষয়ে গবেষণার উন্নয়ন নিয়ে কাজ করে যাচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com